

স্মারক নং- ৪(৬)০৩-বাস্তব/মুসক অব্যাহতি/ফারিহা ফ্যাশন লিঃ/২০২১/

তারিখ: ১১/২০২৫ খ্রি.

বিষয়: Fariha Fashion Ltd. (BIN-002142063-0204) নামীয় শতভাগ প্রচ্ছন্ন/সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠানের বিপরীতে গ্যাস বিল ও বিদ্যুৎ বিলের উপর প্রযোজ্য মুসক অব্যাহতির সংশোধিত আদেশ প্রদান প্রসঙ্গে।

- সূত্র: ১। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপনের এস.আর.ও. নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মুসক, তারিখ: ১৩/০৬/২০১৯ খ্রি।
২। জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-২০/মুসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রি।
৩। এ দপ্তরের সমনথির পত্র ইস্যু নং- ৩৩১, তারিখ: ০৫/০৪/২০২১ খ্রি।
৪। প্রতিষ্ঠানের আবেদনপত্র নং-নাই, তারিখ: ২৫/০৯/২০২৫ খ্রি।
৫। এ দপ্তরের সমনথির পত্র ইস্যু নং-৫৯৫, তারিখ: ২০/১০/২০২৫ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। Fariha Fashion Ltd. (BIN-002142063-0204), Baroibhog, West Masdair, Fatullah, Narayanganj 1420 নামীয় প্রতিষ্ঠানটি অভ্যন্তরীণ সম্পদ বিভাগের এস. আর. ও. নং-১৮৮-আইন/২০১৯/৪৫/মুসক, তারিখ: ১৩/০৪/২০১৯ খ্রি. ও জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মুসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রি. মোতাবেক গ্যাস ও বিদ্যুৎ বিলের উপর হতে নির্ধারিত মুসক অব্যাহতি প্রদানের জন্য আবেদনের পরিপ্রেক্ষিতে সূত্রোক্ত ০৩ নং পত্রের মাধ্যমে গ্যাস ও বিদ্যুৎ বিলের উপর মুসক অব্যাহতির আদেশ প্রদান করা হয়। পরবর্তীতে সূত্রোক্ত ০৪ নং পত্রের মাধ্যমে প্রতিষ্ঠাটির বিদ্যুৎ ও গ্যাস মিটার নং নষ্ট হওয়ায় গ্যাস সংযোজকের গ্রাহক সংকেত নং-৮-০৬-০০০৩৫৩-০০-০৩-১ মিটার নং-৮০১৪৫৮৫২ এবং গ্রাহক সংকেত নং-৩-০৬-০০০৩৫৩-০০-০৩-১ মিটার নং-৮৩০৫৮৯৩০, বিদ্যুৎ মিটার গ্রাহক নং-১৩৯০৮০৩৮ মিটার নং-DHKM3696 উল্লেখপূর্বক সংশোধিত মুসক অব্যাহতি আদেশ প্রদানের জন্য আবেদন করেন। উক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শনপূর্বক মতামত সম্বলিত প্রতিবেদন দাখিলের জন্য সূত্রোক্ত ০৫ নং পত্রের মাধ্যমে একটি কমিটি গঠন করা হয়।

০৩। গঠিত কমিটির সদস্যগণ উল্লিখিত প্রতিষ্ঠানে সরেজমিন পরিদর্শন করে একটি প্রতিবেদন দাখিল করেছেন। দাখিলকৃত প্রতিবেদনে, আলোচ্য এস. আর. ও. এবং সাধারণ আদেশ অনুযায়ী গ্যাস ও বিদ্যুৎ মিটার নং উল্লেখ করে সংশোধিত মুসক অব্যাহতির আদেশ প্রদান করা যেতে মর্মে মতামত/সুপারিশ করেন।

০৪। এমতাবস্থায়, আলোচ্য এস.আর.ও. এবং সাধারণ আদেশ অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নোক্ত টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মুসক) অনুচ্ছেদ-০৫ এ বর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলো।

টেবিল-১

শিরোনামা সংখ্যা	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড	পণ্যের বিবরণ	মিটার নম্বর	গ্রাহক সংকেত নম্বর	মূল্য সংযোজন কর (মুসক) অব্যাহতির হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
২৭.১১	২৭১১.২১.০০	প্রাকৃতিক গ্যাস	৮০১৪৫৮৫২	৩-০৬-০০০৩৫৩-০০-০৩-১	১০০%
২৭.১১	২৭১১.২১.০০	প্রাকৃতিক গ্যাস	৮৩০৫৮৯৩০	৮-০৬-০০০৩৫৩-০০-০৩-১	১০০%

টেবিল-২

শিরোনামা সংখ্যা	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড	পণ্যের বিবরণ	মিটার নম্বর	গ্রাহক সংকেত নম্বর	মূল্য সংযোজন কর (মুসক) অব্যাহতির হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
এস০৫৭	এস০৫৭.০০	বিদ্যুৎ বিতরণকারী	ডি.এইচ.কে.এম ৩৬৯৬	১৩৯০৮০৩৮	১০০%

০৫। শর্তসমূহ:

ক. মুসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মুসক দাখিলপত্রের (ফরম মুসক-৯.১) সাথে এইরূপে অব্যাহতি প্রদত্ত মুসক সংশ্লিষ্ট তথ্য পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে বৈদেশিক মুদ্রা প্রত্যাভাসনের প্রমাণপত্র Proceeds Realization Certificate (PRC) সহ কর মেয়াদ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করবে।

খ. স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় প্রতিমাসে এইরূপ সুবিধাভোগী প্রতিষ্ঠান সাধারণ আদেশ নং- ২০/মুসক/২০১৯, তাং- ২৬/০৯/২০১৯ খ্রি. এর পরিশিষ্ট-খ এ বর্ণিত ছকে মূল্য সংযোজন কর, বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন।

গ. বিভাগীয় কর্মকর্তা, মূল্য সংযোজন কর, উক্তরূপ মুসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাভাসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পেলে উক্ত অসামঞ্জস্যতা এর বিষয়ে কারণ দর্শানো নোটিশ ও যথাযথ শুনানীর সুযোগ প্রদানপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে কমিশনারের নিকট অব্যাহতির সুবিধা বাতিলের সুপারিশ করলে কমিশনার প্রয়োজনে শুনানী গ্রহণপূর্বক তা বাতিল করতে পারবেন।

ঘ. টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে বা এ আদেশে বর্ণিত কোন শর্তের ব্যত্যয় ঘটলে এ দপ্তরকে অবিলম্বে তা অবহিত করে সংশোধনী আদেশ গ্রহণ করতে হবে; এবং

ঙ. এ আদেশ নভেম্বর, ২০২৫ খ্রি. মাসের বিল হতে কার্যকর হবে এবং গ্যাস ও বিদ্যুৎ সরবরাহকারী মিটার অপরিবর্তিত থাকা পর্যন্ত বলবৎ থাকবে।

চ. টেবিলে বর্ণিত গ্যাস ও বিদ্যুৎ মিটার কোনো কারণে পরিবর্তিত হলে সাথে সাথে তা এ দপ্তরকে অবহিত করতে হবে।

০৬। বর্ণিত প্রতিষ্ঠানের অনুকূলে ইতোপূর্বে জারীকৃত সকল গ্যাস ও বিদ্যুৎ মিটার বিলের উপর প্রযোজ্য মুসক অব্যাহতির আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

স্বাক্ষর:

[এফ. এম. মশিউর রহমান]
সহকারী কমিশনার (চঃ দাঃ)
কমিশনারের পক্ষে

স্মারক নং- ৪(৬)০৩-বাস্তঃ/মুসক অব্যাহতি/ফারিহা ফ্যাশন লিঃ/২০২১/ ৬৬৪(৩-২০) তারিখ: ২৬/১১/২০২৫ খ্রি.

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ৩২, তোপখানা রোড, চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।
- ২। দ্বিতীয় সচিব (মুসক পরিঃ ও প্রত্যর্পণ), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, ঢাকা।
- ৩। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, নারায়ণগঞ্জ বিভাগ (অনুচ্ছেদ-০৫ এ বর্ণিত শর্ত-গ অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বলা হলো)।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, প্রধান কার্যালয়, ১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, বিদ্যুৎ ভবন, ১ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
- ৬। ব্যবস্থাপক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, জোনাল বিপণন কার্যালয়, ফতুল্লা ৩৬, চাষাড়া বালুর মাঠ, নারায়ণগঞ্জ।
- ৭। নির্বাহী প্রকৌশলী, নেটওয়ার্ক অপারেশন ও কাস্টমার সার্ভিস, নারায়ণগঞ্জ পূর্ব/পশ্চিম, ডিপিডিসি, নারায়ণগঞ্জ।
- ৮। সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (দক্ষিণ), ঢাকা (আপনাকে আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৯। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ফতুল্লা সার্কেল, নারায়ণগঞ্জ (তাকে প্রতিষ্ঠানটির রপ্তানী কার্যক্রম মনিটরিং করে অনুচ্ছেদ-০৫ এ বর্ণিত শর্ত-খ অনুযায়ী প্রতিবেদন যথাসময়ে বিভাগীয় দপ্তরে প্রেরণ করার জন্য বলা হলো)।
- ১০। ব্যবস্থাপনা পরিচালক, Fariha Fashion Ltd. (BIN-002142063-0204), Baroibhog, West Masdair, Fatullah, Narayanganj 1420.

স্বাক্ষর
[এফ. এম. মশিউর রহমান]
সহকারী কমিশনার (চঃ দাঃ)